# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 16-11-2025 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) চলতি মাসের মধ্যে সমস্ত ভোটদাতাদের কাছ থেকে পূরণ করা এস আই আর ফর্ম সংগ্রহের কাজ শেষ করতে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন।
রাজ্যে এস আই আর-এর কাজের পর্যালোচনা এবং নির্বাচন কেন্দ্রিক নানা কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের একটি প্রতিনিধি দল ১৮ তারিখ এরাজ্যে আসছেন।
২) রাজ্য সরকার এস আই আর-এর কাজে অসহযোগিতা করার কারণেই বিএলও-দের সমস্যার মুখে পড়তে হচ্ছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।
৩) কেবল পরিবর্তন ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ ভোর পাঁচটা থেকে রাত ৯-টা পর্যন্ত ১৬ ঘণ্টা বন্ধ রয়েছে দ্বিতীয় হুগলী সেতু।
৪) একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের ইন্টারভিউতে ডাক না পাওয়া যোগ্য শিক্ষকদের চাকরি রাজ্য সরকারকেই সুনিশ্চিত করতে হবে বলে যোগ্য শিক্ষক-শিক্ষিকার অধিকার মঞ্চ দাবি করেছে।
৫) কলকাতায় দু-দিনের ৬৭-তম আকাশবাণী সঙ্গীত সম্মেলনের গতকাল সূচনা হয়েছে।
৬) ইডেনে প্রথম ক্রিকেট টেস্টের তৃতীয় দিনে দক্ষিণ আফ্রিকা তাদের দ্বিতীয় ইনিংসে ভারতের বিরুদ্ধে ৬৩ রানে এগিয়ে থেকে আজ খেলতে নামবে।

oooooooooooooooooooooo

চলতি মাসের মধ্যেই সমস্ত ভোটদাতাদের কাছ থেকে SIR এর পূরণ করা ফর্ম সংগ্রহের কাজ শেষ করতে হবে বলে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে গতকাল ভিডিও কনফারেন্সে এক বৈঠকে রাজ্যের মুখ্য

নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এই নির্দেশ দিয়েছেন। একশ শতাংশ ফর্ম বিলির কাজ এখনো কেন শেষ হয়নি তা নিয়েও তিনি প্রশ্ন তোলেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। এদিকে গতকাল সন্ধ্যা পর্যন্ত রাজ্যে ৭ কোটি ৫৫ লক্ষ এনুমারেশন ফর্ম বিলি করা হয়েছে, যা মোট ভোটারের ৯৮ দশমিক ৫০ শতাংশ। কোথাও কোনও সমস্যা থাকলে তা অবিলম্বে মিটিয়ে ফেলার জন্য জেলা আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। এদিন বিএলও–দের নিরাপত্তা নিয়ে ঐক্যমঞ্চ লিখিত অভিযোগ জানায় মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে। বিষয়টি খতিয়ে দেখে দ্রুত সমাধান করতে DEO দের নির্দেশ দেওয়া হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধনী কাজের অগ্রগতির পর্যালোচনা এবং বিধানসভা নির্বাচনে বৈদ্যুতিন ভোট যন্ত্র, ইভিএম-এর পরীক্ষা-নিরীক্ষা কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের একটি প্রতিনিধি দল আগামী ১৮ তারিখ রাজ্যে আসছেন। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে এই প্রতিনিধি দলে রয়েছেন, প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, মলয় মল্লিক, ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। নির্বাচন কমিশনের দলটি কলকাতার উত্তর ও দক্ষিণ, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, মূর্শিদাবাদ এবং মালদায় এস আই আর-এর কাজের পর্যালোচনা করবেন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং কলকাতা উত্তর ও দক্ষিণ জেলার নির্বাচনী আধিকারিকদের সঙ্গেও তারা বৈঠক করবেন। এরপর দলটির ৪ জেলায় সফর করার কথা।

আগামী ২১-শে নভেম্বর ইভিএম-এর ফাস্ট লেভেল চেকিং কর্মশালায় রাজ্যের ২৪ জন জেলা নির্বাচনী আধিকারিক যোগ দিচ্ছেন। এর জন্য নির্বাচন কমিশনের আর একটি প্রতিনিধি দল আগামী বিশে নভেম্বর রাজ্যে আসছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে SIR এর কাজে ডেটা এন্ট্রি না করার দাবিতে গতকাল রাজ্যের বিভিন্ন প্রান্তে বিক্ষোভ দেখিয়েছেন BLO দের একাংশ। শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে ডেটা এন্ট্রির প্রশিক্ষণ শিবির চলাকালীন স্লোগান দিতে দিতে শিবির ছেড়ে বেরিয়ে আসেন অনেকেই। বিএলওদের অভিযোগ, দিনের পর দিন বাড়তি চাপ দেওয়ার ফলে

তাঁদের স্বাভাবিক জীবন ব্যহত হচ্ছে। এতো দ্রুত প্রশিক্ষন নেওয়া সম্ভব নয় বলে অভিযোগ তুলে হাওড়ার টিকিয়াপাড়ার প্রশিক্ষন কেন্দ্রে বিক্ষোভ দেখান বিএলও-রা। মুর্শিদাবাদের কান্দি-তেও বিক্ষোভ দেখিয়েছেন BLO-দের একাংশ।

রাজ্য সরকার এস আই আর-এর কাজে অসহযোগিতা করার কারণেই বিএলওদের সমস্যার মুখে পড়তে হচ্ছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

(বাইট - শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে নির্বাচন বুলেটে নয়, ব্যালটে হওয়া উচিত বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। রাজভবনে গতকাল জনজাতীয় গৌরব দিবসের একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, রাজ্য থেকে দুর্নীতি এবং হিংসা দূর করা গেলে, তবেই পশ্চিমবঙ্গ তার প্রকৃত গৌরব ফিরে পাবে। নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা রক্ষায় কমিশনকে শক্ত হাতে ব্যবস্থা নিতে হবে বলে রাজ্যপাল মন্তব্য করেন।

(বাইট – রাজ্যপাল)

রাজ্যপাল, গতকাল গভর্নরস বীরসা মুন্ডা পুরষ্কারের কথাও ঘোষণা করেছেন। এর মাধ্যমে পশ্চিমবঙ্গ ও ঝাড়খন্ডের ২৫০ জন ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মহিলা মুখ্যমন্ত্রীর দ্বারা পরিচালিত হলেও এরাজ্যে মহিলারাই সব থেকে বেশি নিপীড়িত বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় বলেন, মুখ্যমন্ত্রী লক্ষ্মীর ভান্ডার প্রকল্পের টাকা বাড়ালেও মহিলাদের নিরাপত্তা নিশ্চিত করতে পুরোপুরি ব্যর্থ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে লেখা এক চিঠিতে মতুয়া সম্প্রদায়ের মানুষদের নাগরিকত্ব সুরক্ষার আর্জি জানিয়েছেন। মতুয়া সম্প্রদায়ের অনেকেরই ২০০২ সালের ভোটার তালিকায় নাম নেই। সে কারণে তারা আতঙ্ক ও অনিশ্চয়তার মধ্যে রয়েছেন বলে উল্লেখ করে, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের জন্য প্রয়োজনীয় নথিপত্র জমা দেওয়ার থেকে অব্যাহতি দেওয়ার কথা বলেছেন অধীর চৌধুরী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিলিগুড়ির স্যালেসিয়ান কলেজে দুদিনের রোজগার মেলার আজ শেষদিন। রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ রোজগার মেলায় সফল প্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দেবেন। এই মেলায় ভারতের ৫০ টি কোম্পানিতে বারো হাজার কর্মী নিয়োগ করা হবে বলে খবর । গতকাল প্রথম দিনে উপস্থিত ছিলেন জলপাইগুড়ির সাংসদ ডাক্তার জয়ন্ত কুমার রায়, রাজ্যসভার সাংসদ হর্ষবর্ধন শ্রীংলা, বিজেপির রাজ্য সভাপতি, শমীক ভট্টাচার্য প্রমুখ ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের ইন্টারভিউয়ে ডাক পাওয়া প্রার্থীদের তালিকা গতকাল প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। নথিপত্র যাচাইয়ের পর ইন্টারভিউ হবে। এসএসসি কর্তৃপক্ষ আগেই জানিয়েছিল আগামী ১৭ তারিখ থেকে নথি যাচাইয়ের প্রক্রিয়া শুরু হবে। কেন্দ্রীয়ভাবে নথি যাচাই হলেও আঞ্চলিক দপ্তরে ইন্টারভিউ হবে।

এদিকে, এই তালিকায় চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের অনেকের নাম নেই বলে অভিযোগ উঠেছে। যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহেবুব মন্ডল বলেন, যারা এতোদিন ধরে যোগ্যতার ভিত্তিতে শিক্ষকতা করেছেন, তাদের পক্ষে নতুন করে পরীক্ষায় বসা সম্ভব ছিল না। ফলে অনেকেরই পরীক্ষা ভালো হয়নি। ইন্টারভিউতে যারা ডাক পাননি, তাদের চাকরি সরকারকে সুনিশ্চিত করতে হবে বলেও দাবি করেছেন তিনি।

উল্লেখ্য, একাদশ –দ্বাদশের শিক্ষক নিয়োগের জন্য মোট শূন্য পদ ১২ হাজার ৪৪৫-টি। ১০-টি পদের জন্য ১৬ জনকে ইন্টারভিউতে ডাকা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দত্তাবাদের স্বর্ণ ব্যবসায়ী খুনের ঘটনায় জলপাইগুড়ির বিডিও প্রশান্ত বর্মনের নীলবাতি লাগানো গাড়িটি বাজেয়াপ্ত করেছে পুলিশ। বাইপাসের ধার থেকে বাজেয়াপ্ত করা হয় সেটি। এই গাড়ি করেই ব্যবসায়ী স্বপন কামিল্যার দেহ নিউটাউনের জঙ্গলে ফেলা হয়েছিল কি না, খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দিল্লি বিস্ফোরণের ঘটনার তদন্তে এরাজ্যের উত্তর দিনাজপুরের ডালখোলা থানার কোনাল গ্রামের বাসিন্দা চিকিৎসক জান নিসার আলম-কে জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দেওয়া হয়েছে। গতকাল সকালে তাঁকে আটক করেছিলেন এন আই এ-র তদন্তকারীরা। জিজ্ঞাসাবাদের পরে গতকাল বিকেলে ওই চিকিৎসককে ছেড়ে দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

কেবল পরিবর্তন এবং রক্ষণাবেক্ষণের কাজের জন্য আজ ভোর পাঁচটা থেকে রাত ন'টা পর্যন্ত দ্বিতীয় হুগলী সেতুর ওপর দিয়ে কোন যানবাহন চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময় সেতুর উপর দিয়ে চলাচলকারী সব ধরনের যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হচ্ছে।

oooooooooooooooooooo

আর এক মহাজাগতিক ঘটনার সাক্ষী হতে যাচ্ছে বিশ্ববাসী। আজ রাত সাড়ে এগারোটায় পৃথিবী প্রবেশ করবে সিংহ রাশিতে। প্রতি ৩৩ বছর অন্তর সূর্যকে প্রদক্ষিণ করা ধূমকেতু **ফিফটি ফাইভ পি টেম্পেল টাটলের** ফেলে যাওয়া লেজের সঙ্গে বায়ুমণ্ডলের সংঘর্ষে শুরু হবে উল্কা বৃষ্টি। মহাকাশ বিজ্ঞানী ডঃ সন্দীপ চক্রবর্তী আকাশবাণীকে জানিয়েছেন, রাত তিনটের পর এই দৃশ্য সবচেয়ে ভালো প্রত্যক্ষ করা যাবে।

(বাইট ডঃ সন্দীপ চক্রবর্তী)

ooooooooooooooooooo

কলকাতায় দুদিনের ৬৭ তম আকাশবাণী সংগীত সম্মেলন এর গতকাল সূচনা হয়েছে। ভারতীয় জাদুঘরের আশুতোষ জন্ম শতবার্ষিকী প্রেক্ষাগৃহে আয়োজিত অনুষ্ঠানের শুরুতে আকাশবাণী কলকাতার অনুষ্ঠান বিভাগের প্রধান মিতালী দত্ত বলেন, এই প্রতিষ্ঠানে প্রোগ্রাম, সংবাদ ও কারিগরি বিভাগ সমানতালে কাজ করার ফলেই সুষ্ঠুভাবে সমস্ত অনুষ্ঠান সম্প্রচার সম্ভব হয়। একই সঙ্গে তিনি অনুষ্ঠান পরিকল্পনার ক্ষেত্রে শ্রোতাদের মূল্যবান পরামর্শ ও সমালোচনার গুরুত্বের কথাও বিশেষভাবে উল্লেখ করেন।

(বাইট -মিতালী দত্ত)

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আকাশবাণীর ও দূরদর্শনের পূর্বাঞ্চলীয় অতিরিক্ত মহানির্দেশক, ব্রডকাস্ট অপারেশন, ধ্রুব নন্দ এবং আকাশবাণী ও দূরদর্শনের অতিরিক্ত মহা নির্দেশক, কনটেন্ট অপারেশন, রাজীব ভট্টাচার্য। অনুষ্ঠানে বাঁশি পরিবেশন করেন পন্ডিত সুদীপ চট্টোপাধ্যায়। খেয়াল ও ঠুংরি পরিবেশন করেন সাবিনা মুমতাজ ইসলাম। সেতার পরিবেশন করেন পন্ডিত অসীম চৌধুরী।

oooooooooooooooooooo

নভেম্বর মাসে সাধারণ তাপমাত্রা যেরকম থাকে তার তুলনায় এবার সর্বনিম্ন তাপমাত্রা তিন থেকে চার ডিগ্রী কম রয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতেও কমেছে তাপমাত্রার পারদ। সারা রাজ্যেই আজও তাপমাত্রার হেরফের হবে না, তবে পরবর্তী তিনদিনে সর্ব নিম্ন তাপমাত্রা দু-তিন ডিগ্রী বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট)

ooooooooooooooooooo

ইডেনে প্রথম ক্রিকেট টেস্টের তৃতীয় দিনে দক্ষিণ আফ্রিকা তাদের দ্বিতীয় ইনিংসে, ভারতের থেকে ৬৩ রানে এগিয়ে দিনের খেলা শুরু করবে। গতকাল ভারতের প্রথম ইনিংসে ১৮৯ রানের শেষ হয়ে যায়। এরপর দক্ষিণ আফ্রিকা দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে দিনের শেষে তারা ৭ উইকেটে ৯৩ রান করে। রবীন্দ্র জাদেজা চার উইকেট নিয়েছেন।

উল্লেখ্য, দক্ষিণ আফ্রিকা প্রথম ইনিংসে ১৫৯ রান করেছিলো

এদিকে, অধিনায়ক শুভমন গিলকে ঘাড়ে চোটের কারণে অ্যাম্বুলেন্সে শহরের এক বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই তাকে রাতে পর্যবেক্ষনে রাখা হয়েছে বলে সূত্রের খবর। আজ ব্যাটিংয়ের সময় ঘাড়ে চোট পান শুভমান।

ooooooooooooooooooo

oooooooooooooooooooooo